নমুনা প্রশ্নপত্র

আলিম পরীক্ষা-২০১৭

ইতিহাস ও পরিবেশ

পূর্ণমান: ৯০ নিয়মিত পরীক্ষার্থীদের জন্য **সময় : ৩ ঘণ্টা ১৫ মিনিট**

বিভাগ-ক

সাধারণ ইতিস

[মান: ৪৫]

১. সঠিক উত্তরটি নির্বাচন করো : **১×৯=৯**

(ক) 'পাস্ট অ্যান্ড প্রেজেন্ট' ইতিহাস চর্চা গোষ্ঠীর পত্রিকা-গোষ্ঠীটি হল—

(A) আমেরিকান ঐতিহাসিকদের (B) রুশ ঐতিহাসিকদের

(C) ব্রিটিশ ঐতিহাসিকদের (D) আরব ঐতিহাসিকদের

(খ) 'বামাবোধিনী সভা' প্রতিষ্ঠিত হয়—

(A) ১৮৬২ সালে (B) ১৮৩৬ সালে

(C) ১৯১০ সালে (D) ১৮৬৩ সালে

(গ) 'হিন্দু প্যাট্রিয়ট' পত্রিকা প্রকাশিত হত—

(A) ইংরেজি ভাষায় (B) হিন্দি ভাষায়

(C) গুজরাটি ভাষায় (D) বাংলা ভাষায়

(ঘ) 'ভারতীয় অরণ্য আইন' পাস হয়—

(A) ১৮৬২ সালে (B) ১৭৫৫ সালে

(C) ১৭৭৫ সালে (D) ১৮৬৫ সালে

(ঙ) 'বঙ্গভাষা প্রকাশিকা সভা'র সভাপতি ছিলেন—

(A) দ্বারকানাথ ঠাকুর (B) গৌরীশঙ্কর ভট্টাচার্য

(C) রাজা রামমোহন রায় (D) কেউই নয়

(চ) ছাপাখানায় মুদ্রণের জন্য সর্বপ্রথম বাংলা অক্ষর তৈরি করেন—

(A) হালেদ (B) চার্লস উইল কিন্‌স

(C) সুরেশচন্দ্র মজুমদার (D) পঞ্চানন কর্মকার

(ছ) কংগ্রেস ১৯৩০ খ্রিস্টাব্দের ২৬ জানুয়ারি প্রথম —— দিবস পালন করে—

(A) প্রতিবাদ (B) বিজয়

(C) নারী (D) স্বাধীনতা

(জ) বুড়িবালামের যুদ্ধে অংশ নেন—

(A) বাঘাযতীন (B) ভগৎ সিং

(C) সূর্য সেন (D) প্রীতিলতা ওয়াদ্দেদার

(ঝ) "এ ট্রেন টু পাকিস্তান" গ্রন্থটি রচনা করেন—

(A) খুশবন্ত সিং (B) কৃষ্ণ চন্দর

(C) সাদাত হাসান মান্টো (D) মুনশি প্রেম চাঁদ

2. প্রতিটি উপবিভাগ থেকে একটি প্রশ্নের উত্তরসহ মোট ১০টি প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

(ক) একটি বাক্যে উত্তর দাও :

(i) চলচ্চিত্রের প্রথম প্রকাশ কোথায় হয়েছিলো?

(ii) কোন্ অঞ্চলকে 'জঙ্গালমহল' বলা হয়?

(iii) 'বর্তমান ভারত' কে রচনা করেন?

(খ) 'সত্য' বা 'মিথ্যা' নির্ণয় করো :

(i) 'সত্তর বৎসর' বইটি বিদ্যাসাগরের লেখা।

(ii) 'কলকাতা মাদ্রাসা প্রতিষ্ঠিত হয় ১৯১৫ খ্রিস্টাব্দে।

(iii) শান্তিনিকেতন প্রতিষ্ঠা করেছিলেন রবীন্দ্রনাথ ঠাকুর।

(গ) 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :

ক	খ
(i) হুতোম প্যাঁচা	(i) ড. মহেন্দ্রলাল সরকার
(ii) সাঁওতাল বিদ্রোহ	(ii) কালীপ্রসন্ন সিংহ
(iii) ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দ্য কাল্টিভেশন অফ সায়েন্স	(iii) কাজী নজরুল ইসলাম
	(iv) ১৮৫৯-৬০

(ঘ) প্রদত্ত ভারতের মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো :

(i) উত্তরপ্রদেশের মিরাট।

(ii) গুজরাটের ডান্ডি

(iii) কাশ্মীর।

অথবা

(কেবল দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

শূন্যস্থান পূরণ করো :

(i) ভারতের জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠিত হয় ______খ্রিস্টাব্দে।

(ii) ______ 'মাস্টার দা' নামে পরিচিত ছিলেন।

(iii) দিল্লি চলো ধ্বনি দিয়েছিলেন ______ ।

(ঙ) নিম্নলিখিত বিবৃতিগুলির সঠিক ব্যাখ্যা নির্বাচন করো :

(i) বিবৃতি : ভারতে 'দলিত' বলতে বোঝায়—

ব্যাখ্যা—১ : শোষিত ও নির্যাতিত শ্রেণিকে।

ব্যাখ্যা—২ : উচ্চবর্ণের আধিপত্যকারী শ্রেণিকে।

ব্যাখ্যা—৩ : নিম্নবর্ণের মুসলিম মানুষজনকে।

(ii) বিবৃতি : পুঁজিবাদী সমাজের উদ্ভবে—

ব্যাখ্যা—১ : সমাজে শ্রেণিদ্বন্দ্বের সৃষ্টি হয়।

ব্যাখ্যা—২ : কৃষকদের উন্নতি ঘটে।

ব্যাখ্যা—৩ : শ্রমিক-মালিক শ্রেণির মিলন ঘটে।

৩. দুই-তিনটি বাক্যে উত্তর দাও : (যে-কোনো ৫টি) **২×৫=১০**

(ক) সামরিক বিষয়ে কিছু দেশি ও বিদেশি গ্রন্থকারের নাম লেখো।

(খ) 'নীলদর্পণ' নাটকে বিষয়বস্তু কী? বইটির ইংরেজি অনুবাদকের নাম কী?

(গ) ওয়াহাবি আন্দোলনের প্রতিষ্ঠাতা কে? বাংলায় তার প্রধান নেতা কে ছিলেন?

(ঘ) কোন্ পটভূমিকায় ''আনন্দমঠ'' উপন্যাসটি রচিত হয়? রচয়িতার নাম কী?

(ঙ) 'বসু বিজ্ঞান মন্দিরে' কোন্ কোন্ বিষয়ের গবেষণা হত?

(চ) 'র‍্যাডিক্যাল পার্টি' কে গঠন করেন এবং কেন?

(ছ) 'দীপালি সংঘ' কী? তার কয়েকজন সদস্যের নাম লেখো।

(জ) 'ছাত্রীসংঘ' এর প্রতিষ্ঠাতা কে? এর অন্যতম একজন নেত্রীর নাম লেখো।

(ঝ) আজাদ কাশ্মীর কী?

৪. ৭-৮টি বাক্যে উত্তর দাও : (যে-কোনো ৪টি) **৪×৪=১৬**

(ক) আধুনিক ইতিহাস চর্চায় 'আত্মজীবনী ও স্মৃতিকথার' গুরুত্ব কী?

(খ) ইতিহাস চর্চার ক্ষেত্রে 'স্থানীয় ইতিহাস' এর প্রয়োজনীয়তা কী?

(গ) 'চুয়াড় বিদ্রোহ' (১৭১৮-১৯ খ্রি.)-এর উপর একটি নাতিদীর্ঘ নোট লেখো।

(ঘ) 'তরিকা-ই-মহম্মদীয়া'র মূল ভাবধারা মুসলিম সমাজে কীভাবে জাতীয়তাবোধের উৎস ঘটায়?

(ঙ) বাংলায় ছাপাখানার ক্রমবিকাশের সঙ্গে ইতিহাস চর্চার সম্পর্ক কী?

(চ) প্রকৃতি, মানুষ ও শিক্ষার সমন্বয়ের রবীন্দ্রনাথের চিন্তার উপর আলোকপাত করো।

(ছ) বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনপর্বে নারীদের ভূমিকা আলোচনা করো।

(জ) 'রশিদ আলি দিবস' সম্পর্কে যা জান লেখো।

বিভাগ-খ

ইসলামের ইতিাস

[মান: ৪৫]

৫. সঠিক উত্তরটি নির্বাচন করো : ১×৮=৮

(ক) নতুন ইসলামি সাম্রাজ্যের প্রকৃত প্রতিষ্ঠাতা ছিলেন—

(A) হজরত আলী (রাঃ) (B) হজরত উমার (রাঃ)
(C) হজরত উসমান (রাঃ) (D) হজরত আবুবকর (রাঃ)

(খ) উমাইয়া যুগের 'রিয়েল আর্কিটেক' বলা হয়—

(A) আব্দুল মালিক (B) হিশাম
(C) ইয়াযিদ (D) প্রথম ওয়ালিদ

(গ) ''কুব্বাতুস্-স্বাখরা'' মসজিদটি তৈরি করেন—

(A) হাজ্জাজ বিন ইউসুফ (B) আব্দুল মালিক
(C) আমীর মুয়াবিয়া (D) সুলাইমান

(ঘ) খুলাফায়ে রাশেদীনের যুগে জেলাশাসককে বলা হত—

(A) হাকিম (B) কাযী
(C) আ-মিল (D) ওয়ালী

(ঙ) খুলাফায়ে রাশেদীনের যুগে সামরিক করকে বলা হত—

(A) খুমুস (B) খারাজ
(C) গণীমাহ্ (D) জিজিয়া

(চ) আব্বাসীয় খিলাফতকাল শুরু হয়—

(A) ৭৬৫ খ্রিস্টাব্দে (B) ৮৫০ খ্রিস্টাব্দে
(C) ৭৫০ খ্রিস্টাব্দে (D) ৭৫৯ খ্রিস্টাব্দে

(ছ) আব্বাসীয় বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা—

(A) আলমামুন (B) আসসাফ্‌ফাহ্
(C) আলমানসূর (D) হারুন অর রশীদ

(জ) 'স্পেন' মুসলমানদের অধিকারে এসেছিল—

(A) ৭৩০ খ্রিস্টাব্দে (B) ৭২৫ খ্রিস্টাব্দে
(C) ৭১২ খ্রিস্টাব্দে (D) ৭১০ খ্রিস্টাব্দে

৬. প্রতিটি উপবিভাগ থেকে একটি প্রশ্নের উত্তরসহ মোট ৯টি প্রশ্নের উত্তর দিতে হবে : ৯×১=৯

(ক) একটি বাক্যে উত্তর দাও :

(i) খালিফা উমারের (রাঃ) আমলে পারস্য সম্রাট কে ছিলেন?

(ii) 'শিয়া' কাদের বলা হয়?

(iii) আব্বাসীয় আমলে কাকে আধুনিক রসায়নের জনক বলা হত।

(খ) সত্য বা মিথ্যা নির্ণয় করো :

(i) হজরত আলি (রাঃ) হজরত মোহাম্মদের (সাঃ) পুত্র ছিলেন।

(ii) নব দীক্ষিত মুসলমানদের ‘মাওয়ালী’ বলা হয়।
(iii) ইসমাঈলি মতবাদের উদ্ভাবক ছিলেন মুসা।

(গ) ‘ক’ স্তম্ভের সঙ্গে ‘খ’ স্তম্ভ মেলাও :

ক	খ
(i) হযরত আয়েষা (রাঃ) (ii) ক্রুসেড (iii) মোস্তাফা-বিন-কাশেম	(i) রসুলুল্লাহর (সাঃ) স্ত্রী। (ii) ৭১২ খ্রিস্টাব্দ। (iii) ধর্মযুদ্ধ (iv) বাগদাদ

(ঘ) প্রদত্ত আরব বিশ্বের মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো :
(i) পবিত্র শহর মক্কা
(ii) আরবের মরুদ্যান মদিনা
(iii) সিটি-অব-বাগদাদ।

[দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য]

শূন্যস্থান পূরণ করো :
(i) প্রথম চার খলিফাদের বলা হয় _______।
(ii) সিরিয়ার দামেস্কে ছিল _______ রাজধানী।
(iii) স্পেনের ত্রাণকর্তা বলা হয় _______ ।

(ঙ) নিম্নলিখিত বিবৃতিগুলির সঠিক ব্যাখ্যা নির্বাচন করো :
(i) বিবৃতি : সুন্নি বলা হয়ে থাকে—
ব্যাখ্যা—১ : রসুলুল্লাহ্‌র ‘তরীকা’ মেনে যারা চলেন।
ব্যাখ্যা—২ : হজরত আলীর অনুগামীদের বলা হয়।
ব্যাখ্যা—৩ : খ্রিস্টান সম্প্রদায়ের একটি অংশকে।
(ii) বিবৃতি : উমাইয়া যুগের যুগের সাধক দ্বিতীয় ওমরকে বলা হয়—
ব্যাখ্যা—১ : তিনি বিলাসবহুল জীবন যাপন করতেন না এবং সৎ ছিলেন।
ব্যাখ্যা—২ : তিনি আড়ম্বরপ্রিয় জীবন যাপন করতেন।
ব্যাখ্যা—৩ : তিনি খামখেয়ালি ছিলেন।

৭। সংক্ষেপে উত্তর লেখো: (যে-কোনো ২টি) **২×২=৪**
(ক) সেলজুক কারা? তাদের সম্পর্কে যা জান লেখো।
(খ) ‘খুমুস’ ও ‘উশ্‌র’ কী?
(গ) উমাইয়া শাসনে ‘শিল্প ও সংস্কৃতি’র প্রতি সংক্ষেপে আলোকপাত করো।
(ঘ) আব্বাসীয় আমলে ‘দর্শন শাস্ত্রের’ উপর একটি নোট লেখো।

৮। আট বা দশটি বাক্যে উত্তর দাও: (যে-কোনো ২টি) **৪×২=৮**

(ক) হজরত উসমান (রাঃ)-র চরিত্র ও কৃতিত্ব আলোচনা করো।

(খ) খুলাফায়ে রাশেদীনের আমলে প্রাদেশিক শাসন ব্যবস্থার উপর আলোকপাত করো।

(গ) মারওয়ান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) আল আমীন ও আল মামুনের পারস্পরিক সম্পর্কের উপর একটা নোট লেখো।

৯। যে-কোনো ২টি প্রশ্নের উত্তর লেখো: **৮×২=১৬**

(ক) হজরত আবুবাক্‌র (রা) এর কৃতিত্ব চরিত্র ও ইসলামে তাঁর অবদান পর্যালোচনা করো।

(খ) খলিফা যুগের সমাজ জীবন সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

(গ) উমাইয়া শাসনের পতনের কারণগুলি লেখো।

(ঘ) আব্বাসীয় আমলে জ্ঞান-বিজ্ঞানের ক্ষেত্রে কী উন্নতি সাধিত হয়েছিল লেখো।